নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আমি দেখিনি সা‘দ ব্যতীত অন্য কোন মানুষকে উৎসর্গ করেছেন। আমি তাকে বলতে শুনেছি, “(হে সা‘দ) তুমি তীর নিক্ষেপ কর আমার মাতা পিতা তোমার জন্য কুরবান হোক।

আলী ইবন আবি তালিব রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত: তিনি বলেন, “নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আমি দেখিনি সা‘দ ব্যতীত অন্য কোন মানুষকে উৎসর্গ করেছেন। আমি তাকে বলতে শুনেছি, “(হে সা‘দ) তুমি তীর নিক্ষেপ কর আমার মাতা পিতা তোমার জন্য কুরবান হোক”।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আলী রাদিয়াল্লাহু আনহু সংবাদ দেন যে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেখেননি সা‘আদ ইবন আবী ওয়াক্কাস ব্যতীত কোন মানুষকে উৎসর্গ করেছেন। তিনি ওহুদের যুদ্ধে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে শুনেছেন, তিনি সা‘দকে বলছেন: তুমি তীর দ্বারা কাফিরদের ওপর আক্রমণ কর আমার মাতা পিতা তোমার জন্য উৎসর্গ করলাম। অর্থাৎ, আমি আমার মাতা পিতাকে পেশ করলাম যাতে তারা তোমার ফিদয়া হয় এবং তুমি নিরাপদ থাকো। সহীহ হাদীসে প্রমাণিত যে, খন্দকের যুদ্ধে যুবাইরের জন্য তিনি তার মাতা পিতাকে উৎসর্গ করেন। উভয়ের মধ্যে এভাবে সামঞ্জস্য স্থাপন করা হবে যে, হতে পারে আলী রাদিয়াল্লাহু আনহু এ বিষয়টি জানতেন না অথবা তার উদ্দেশ্য উহুদের যুদ্ধের বিষয়টি আলোচনা করা।

http://sunnah.global/hadeeth/bn/show/11195